# ২০২২
# বাংলা
## (প্রোগ্রাম)

**ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)**

**(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)**

**পঞ্চম সেমেস্টার**

**কোর্স কোড : BNGP-DSE-T-1**

**(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)**

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে দু'জন ক্লাসিক কবির নাম গ্রন্থসহ উল্লেখ করো।

খ) 'ঔচিত্যবাদ'-এর প্রতিষ্ঠাতা কে? এই বিষয়ক তাঁর লেখা গ্রন্থটির নাম কী?

গ) আনন্দবর্ধন কত রকমের রীতির কথা বলেছেন? সেগুলি কী কী?

ঘ) অলংকারবাদের জনক কাকে বলা হয়? তাঁর গ্রন্থটির নাম লেখো।

[পরপৃষ্ঠায়]

ঙ) বাংলা সাহিত্যে 'নিউ ক্লাসিক' যুগের সূত্রপাত কোন্ কবির কোন্ কাব্যের মাধ্যমে হয়েছিল?

চ) ক্লাসিক সাহিত্যের জন্ম কোথায় হয়? ইংরেজী সাহিত্যের দু'জন ক্লাসিক কবির নাম লেখো।

ছ) 'সাহিত্যের সত্য কেন চিরকালীন সত্য' — সংক্ষেপে লেখো।

জ) 'সুররিয়ালিজম' বলতে কী বোঝো?

ঝ) কাব্যের উদ্দেশ্য কী?

ঞ) 'রক্তকরবী' নাটকটি কার লেখা? এটি কী ধরনের নাটক?

ট) 'রঞ্জন' এর সঙ্গে পাঠক-দর্শকের পরিচয় কীভাবে ঘটেছে?

ঠ) বঙ্কিমচন্দ্রের লেখা 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধটি কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়, এটি কোন প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত?

ড) "রবীন্দ্রনাথের বিশ্বাস ও অভিনয়ে অনুরূপ ছিল" — কোন্ প্রসঙ্গে এ উক্তি করা হয়েছে?

ঢ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কোন্ পর্বের কবিতাকে রবীন্দ্রনাথের গোটা জীবনদর্শন বলে মনে করেন?

ণ) বিদ্যাপতি ও জয়দেব ছাড়া প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র উল্লেখিত কয়েকজন গীতিকবির নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) 'অনুকৃতি' কী? 'অনুকৃতি' সম্পর্কে প্রাচীন আলঙ্কারিকদের ধারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।

খ) 'ন্যাচারালিস্টিক' বলতে কী বোঝো? সংক্ষেপে লেখো।

গ) 'কাব্যসত্য' সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।

ঘ) 'ক্লাসিসিজিম' ও 'রোমান্টিসিজম' — এর দু'টি করে বৈশিষ্ট্য লেখো।



ঙ) 'রক্তকরবী'র নন্দিনীকে সবার চেয়ে কে বেশি ভালোবাসত? রঞ্জন, কিশোর না বিশু পাগল? প্রাবন্ধিক এই প্রশ্নের সমাধানে কোন্ সিদ্ধান্তে এসে পৌঁছেছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

চ) কোন্ কোন্ 'কবিওয়ালা'র রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে মনে করেন প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র? মূল প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) 'সুররিয়ালিজম'-এর সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যে সুররিয়ালিজমের প্রভাব সম্পর্কে বুঝিয়ে দাও।

খ) ক্লাসিসিজম ও রোমান্টিসিজমের মধ্যে তুলনামূলক আলোচনা করো।

গ) "রবীন্দ্রনাথের মনের একটি কোণে যে উদাসীটি আছে সে তাঁর নানা রচনায় বিশুর মত রূপ নিয়েছে, ..... সে এক নিত্যকালের ক্ষ্যাপা।" — 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধ অবলম্বনে বিশুকে কেন্দ্র করে 'সেই নিত্যকালের ক্ষ্যাপা' চরিত্রগুলির মাধ্যমে কোন্ জীবনদর্শন প্রতিফলিত হয়েছে — আলোচনা করো।

ঘ) "জগতের মধ্যে যা কিছু শুভ, সুন্দর ও প্রাণস্ফূর্ত, রবীন্দ্রকাব্যে তার প্রকাশ প্রথম থেকে শেষ পর্যন্ত অক্লান্ত ও অনবচ্ছিন্ন" — উৎস নির্দেশপূর্বক লেখক এই সত্যকে কেমনভাবে প্রতিষ্ঠিত করেছেন তা সংক্ষেপে বুঝিয়ে দাও।

———